JAN. 21 2001

দৈনিক ইত্তেফাক



ছাত্র-ছাত্রী ভর্তির প্রচন্ড প্রতিযোগিতা চলিতেছে চট্টগ্রাম মহানগরীতেও। অন্যান্য বিদ্যালয়ের মত সরকারী খাস্তগীর বালিকা উচ্চ বিদ্যালয়ে গত শুক্রবার সকালে ভর্তি পরীক্ষা চলাকালে বিদ্যালয়ের বাহিরে হাজার হাজার অভিভাবকের প্রতীক্ষা জামাল খান সড়কের উপর
-ইত্তেফাক

# চট্টগ্রামের স্কুলে ভর্তি যুদ্ধ

চট্টগ্রাম অফিস ।। বৎসরের শুরুতে নগরীর বিভিন্ন স্কুলে ভর্তি প্রার্থী ছেলে-মেয়েদের লইয়া অভিভাবকদের উদ্বেগ-উৎকন্ঠার শেষ নাই। নগরীর বিভিন্ন বেসরকারী নাম করা স্কুলে ছাত্র-ছাত্রীদের বিভিন্ন ক্লাসে ভর্তির কার্যক্রম মোটামুটি শেষ হইয়া গিয়াছে। গত শুক্রবার হইতে নগরীর সর্বমোট ৯টি সরকারী স্কুলে ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ও ৭ম শ্রেণীতে ভর্তির কার্যক্রম শুরু হইয়াছে। শুক্রবার নগরীর ডাঃ খাস্তগীর সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় চট্টগ্রাম সরকারী উচ্চ বিদ্যালয়, মুসলিম সরকারী উচ্চ বিদ্যালয় ও নাসিরাবাদ সরকারী উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ইহাদের মধ্যে ডাঃ খাস্তগীর সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ে ৪র্থ শ্রেণীর ২টি সেকশনের ১৪০টি আসনের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। জানা যায়, ৪র্থ শ্রেণীর-এই ৪০টি আসনের জন্য প্রায় দেড় হাজার ছাত্রী আবেদন জানাইয়াছে। ইহাছাড়া চট্টগ্রাম হাইস্কুলের ৫ম শ্রেণীর ১৪০টি আসনের জন্যও বিপুলসংখ্যক আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিয়াছে। বাকলিয়া হাইস্কুল, মুসলিম হাইস্কুল ও নাসিরাবাদ হাইস্কুলের প্রত্যেকটিতে ৫ম শ্রেণীর জন্য ৭০ জন করিয়া ভর্তির জন্য বিপুলসংখ্যক প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। এ সকল স্কুলে ভর্তি পরীক্ষা চলাকালে অভিভাবকদের ভীড়ের কারণে আশপাশের সকল সড়ক বন্ধ হইয়া যায় ইহার ফলে সরকারী ছুটির দিনেও নগরীর বিভিন্ন সড়কে যানজট সৃষ্টি হয়। গতকাল শনিবার সরকারী স্কুলসমূহের বিভিন্ন ক্লাসে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় এইং আগামীকালও (সোমবার) হইবে।